



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, পিএসসি সড়ক, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০১৯.২০১৯-২৭৭

তারিখ: ২৮ নভেম্বর ২০১৯
১৬ অগ্রহায়ণ ১৪২৬

বিষয়: বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি, ২০২০।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে online-এ আবেদনপত্র (soft copy) ০৫ ডিসেম্বর ২০১৯ খ্রি. রাত ১২.০১ মিনিট থেকে শুরু করে ২৫ ডিসেম্বর ২০১৯ খ্রি. রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং online আবেদনপত্র দাখিলের পর বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী soft copy এর hard copy ০৫ জানুয়ারি ২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে। আবেদনপত্রের কপি (hard copy) যথাস্থানে প্রার্থীর এবং তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর থাকতে হবে। প্রার্থীগণকে আবেদনপত্রের ০১(এক) টি অনুলিপি স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে, ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক প্রার্থীর প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনাস্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা অনুষ্ঠানের ১৫ (পনের) দিন পূর্বে কমিশনকে অবহিত করতে হবে। নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. আবেদনপত্রের online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। যেহেতু এটি উচ্চতর পর্যায়ের পদোন্নতি পরীক্ষা সেহেতু, প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

ক্রমশ/২

